# নির্বাচন ক্যানাডা-নির্বাচনের তথ্য সমগ্র

## আমরা সম্মিলিতভাবে আমাদের ভবিষ্যত বিনির্মাণ করি



এখানে আমি আমার ভবিষ্যৎ খুঁজে নিতে পারি

আমার পরিবারের জন্য এটা উত্তম স্থান...





আমার সন্তান এখানে স্বাস্থ্যকর পরিবেশে বড় হয়

**কেন ভোট দেয়া?**

ভোট দেয়া আমাদের মৌলিক অধিকার এবং এই ভোটের মাধ্যমে আমাদের প্রতিনিধি যেসব নীতিমালা নির্ধারণ করবেন সেই নীতিগুলো আমরা মেনে নিতে রাজী হই।

**নির্বাচন কেন করা হয়?**

একটি নির্বাচনে আমরা আমাদের এলাকার প্রতিনিধি বাছাই করি। যে প্রতিনিধি সবচেয়ে বেশি ভোট পাবেন তিনি এলাকার প্রতিনিধি হিসেবে নির্বাচিত হবেন।

নির্বাচিত প্রতিনিধি **সংসদ সদস্য** নিযুক্ত হন।

বিস্তারিত তথ্যের জন্য স্থানীয় নির্বাচনী দপ্তরে যোগাযোগ করুন। টেলিফোন নম্বরটি আমাদের ওয়েব সাইটে পাবেন অথবা টল ফ্রি নম্বরে ডায়াল করুন।

**www.elections.ca**

**1 800 463-6868** (Toll Free)

টিটিওয়াই ১ ৮০০ ৩৬১-৮৯৩৫ নম্বরটি তাদের জন্য যারা বধির অথবা কানে কম শুনেন

Elections Canada

EC90247 (0404) / Bengali/Bengali

# নির্বাচন ক্যানাডা-নির্বাচনের তথ্য সমগ্র

**যে বিষয়গুলো আমার জানা উচিত**

একজন **ভোটদাতা** ক্যানাডিয়ান নাগরিক হতে হবে এবং ভোটের দিন কমপক্ষে বয়স ১৮ বছর হতে হবে।

**প্রতিনিধি** হলো তারাই যারা নির্বাচিত হতে চান।

**ভোটার লিষ্টে** তাদের নামই থাকে যারা ভোট দেয়ার জন্য ইতিমধ্যে নিবন্ধিত হয়েছেন।

আমি আমার **ভোটের তথ্য সমূহ** ডাকযোগে পেয়ে থাকি। এতে এটাই নিশ্চিত হয় যে ভোটার লিষ্টে আমার নাম আছে এবং বলা হয় কোথায় এবং কখন ভোট দিতে হবে।

**নির্বাচনী কেন্দ্র** হলো যে স্থানে গিয়ে আমি ভোট দেবো।

**নির্বাচনী কর্মকর্তা** আমাকে ব্যালট কাগজ প্রদান করেন। তিনি ইচ্ছে করলে ভোটারদেরকে ভোট দেয়ার নিয়ম-কানুন -এর জন্য সহায়তা করতে পারেন।

আমার ভোট দেয়া শেষে **নির্বাচন কেন্দ্রের কর্মচারী** ভোটার লিষ্ট থেকে আমার নাম কেটে দেবেন।

**ব্যালট** কাগজের মধ্যে আমার এলাকার প্রার্থীদের নাম দেয়া থাকে।

ক্যানাডায় **ভোটের গোপনীয়তা** রক্ষা করা হয়।

ভোট দেয়ার সময় **পর্দার আড়ালে** গিয়ে আমি ব্যালট কাগজে আমার পছন্দের প্রার্থীর নামের পাশে চিহ্ন দিতে পারি।

ব্যালট কাগজে চিহ্ন দেয়ার পরে আমি কাগজটি নির্বাচনী কর্মকর্তার হাতে হস্তান্তর করি; তিনি তখন কাগজটি না খুলে বাড়তি অংশটুকু ছিঁড়ে ফেলে দেন। তারপর ব্যালট কাগজটি আমি **ভোট বাক্সে** ঢুকিয়ে দিই।

**নির্বাচন এবং আমার সিদ্ধান্ত**

নির্বাচন ঘোষণা দেয়ার সাথে সাথেই নির্বাচনের যাবতীয় **তথ্যসহ কার্ড** ডাকযোগে আমার পাওয়া উচিত, এতে এটাই প্রমাণিত হয় যে **ভোটার লিষ্ট**-এ আমার নাম আছে।

এই কার্ডটি খুবই গুরুত্বপূর্ণ।

এতে ব্যক্ত থাকে কিভাবে, কখন এবং কোথায় গিয়ে আমি ভোট দিতে পারবো।

আমি যদি এই কার্ডটি না পেয়ে থাকি তাহলে **ক্যানাডা নির্বাচনী দপ্তর** এর সাথে যোগাযোগ করে এই তথ্যটুকু সংগ্রহ করতে হবে যে কিভাবে ভোটার লিষ্ট-এ আমার নাম লেখানো যায় যাতে করে আমি ভোট দিতে সক্ষম হই।

নির্বাচনের প্রচার চলাকালীন সময়টাতে বিভিন্ন **প্রার্থীদের নাম** আমি ইলেকশন ক্যানাডার ওয়েব সাইট www.elections.ca দেখে আমি জেনে নিতে পারি। এছাড়াও প্রার্থীদের নাম এবং তাদের মতবাদ, বক্তব্য আমি জানতে পারি বেতার শুনে, টেলিভিশন দেখে, পত্র-পত্রিকা পড়ে, বন্ধু-বান্ধব বা পরিবারের সদস্যদের সাথে কথা বলে। এরপর আমি বেছে নেবো কোন প্রার্থী আমার উপযুক্ত **প্রতিনিধিত্ব** করতে পারবে।

**আমি কিভাবে ভোট দেবো?**

**আমি তিন ভাবে ভোট দিতে পারি।**

**আমি আগাম ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারি।**

আগাম ভোটকেন্দ্র তাদের জন্যই করা যারা ভোটের তারিখে ভোটকেন্দ্রে যেতে চান না।

সব ভোটাররাই আগাম ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারেন।

আগাম ভোট কেন্দ্রের ঠিকানা এবং সময়, আমাকে পাঠানো কার্ড অথবা ইলেকশন ক্যানাডার

ফোন নম্বরে ডায়াল করে জেনে নিতে পারবো।

**আমি বিশেষ ব্যালট এর মাধ্যমেও ভোট দিতে পারি।**

বিশেষ ব্যালটের মাধ্যমে ভোট দেয়া যায় ডাকযোগে বা আমার নির্বাচনী এলাকার **রিটার্নিং অফিসারের দপ্তরে** উপস্থিত হয়ে।

আমি চাইলেই বিস্তারিত তথ্যের জন্য ইলেকশন ক্যানাডার দপ্তরে ফোন করে জেনে নিতে পারি।

ভোটের দিন আমি ভোট দিতে পারি।

ভোটের দিন আমি ভোট কেন্দ্রে ভোট দেয়ার জন্য যাই।

তারিখ, সময় এবং ভোট কেন্দ্রের ঠিকানা সব কিছুই ভোটার কার্ডে দেয়া আছে।

**ভোট কেন্দ্রে** গিয়ে আমি খুঁজে নেবো সেই টেবিলের নম্বরটি যেটা আমার ভোট কার্ডে দেয়া আছে।

দু'জন নির্বাচনী কর্তৃপক্ষ টেবিলে বসা থাকবেন। একজন **উপ-নির্বাচনী কর্মকর্তা** এবং অন্যজন **ভোট কেন্দ্রের কর্মচারী**।

আমি আমার **নাম এবং ঠিকানা** উপ-নির্বাচনী কর্মকর্তাকে প্রদান করি। বেশির ভাগ ভোটারদের নাম লিষ্ট-এ দেয়া থাকে।

আমার নাম যদি লিষ্ট-এ না উঠে থাকেও নির্বাচনের দিন আমার **নাম নিবন্ধন করার** সুযোগ আছে। সঠিক **সনাক্ত বা প্রমাণপত্র** দেখিয়ে উপ-নির্বাচনী কর্তার মাধ্যমে ওই ভোট কেন্দ্রেই আমার নাম লিষ্ট-এ অর্ন্তভূক্ত করতে পারি। এছাড়াও লিখিতভাবে নাম ঠিকানা দিয়ে নিবন্ধন করতে পারি প্রতিবেশি ভোটারকে সাক্ষী মেনে যার নাম ভোটার লিষ্ট-এ আছে এমন একজন যে আমার হয়ে সত্যতা প্রমাণ করবে।

ভোট কর্মচারী আমার **নাম কেটে** দেবে প্রমাণ স্বরুপ যে আমি ভোট দিয়েছি।

উপ-নির্বাচনী কর্মকর্তা আমাকে ভাঁজ করা একটি ব্যালট কাগজ ধরিয়ে দেবে।

একই ব্যক্তি ভোট দাখিলের ব্যাপারে আমাকে **সাহায্য** করতে পারেন যদি ব্যালট কাগজে চিহ্ন আঁকতে আমার কোন অসুবিধা হয়।

আমি ইচ্ছে করলে একজন বন্ধু বা পরিবারের কোন সদস্যকে নিয়ে যেতে পারি আমাকে সাহায্য করার জন্য।

আমি **পর্দার আড়ালে** যাই, কেউ দেখতে পাবে না আমি কাকে ভোট দিচ্ছি।

আমি যে প্রার্থীকে বেছে নেবো, তার নামের পাশে চক্রের মধ্যে একটি **X চিহ্ন** দেবো।

আমি ব্যালট পেপারটিকে এমনভাবে **ভাঁজ করবো** যাতে আমার ভোটটি গোপন থাকে।

ব্যালট পেপারটি নিয়ে আমি উপ নির্বাচনী কর্তার কাছে গেলে তিনি সে ব্যালটে লাগানো **বাড়তি কাগজের টুকরোটি ছিঁড়ে ফেলবেন**।

উপ-নির্বাচনী কর্তা ব্যালট পেপারটি আমাকে ফিরিয়ে দেবেন।

**আমি ব্যালট পেপারটি ব্যালট বাক্সে গুঁজে দিই।**

আমার ভবিষ্যত। আমার ভোট।

